

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু ১৮ নভেম্বর

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বুধবার, ১৫ আগস্ট ২০১৮

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হবে আগামী ১৮ নভেম্বর।

গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পরীক্ষার এ চূড়ান্ত সময় সূচি প্রকাশ করে। এবার সব পরীক্ষা সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ঘোষিত সূচি অনুযায়ী, আগামী ১৮ নভেম্বর প্রাথমিক ও মাদ্রাসার ইবতেদায়ির ইংরেজি, ১৯ নভেম্বর বাংলা, ২০ নভেম্বর প্রাথমিকের বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং ইবতেদায়ির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২২ নভেম্বর প্রাথমিকের প্রাথমিক বিজ্ঞান ও ইবতেদায়ির আরবি, ২৫ নভেম্বর প্রাথমিক ও ইবতেদায়ির গণিত, ২৬ নভেম্বর প্রাথমিকের ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ইবতেদায়ির কুরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, এ বছর প্রাথমিক ও ইবতেদায়ি পরীক্ষায় প্রায় ৩৪ লাখ ৪৫ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারে। এর মধ্যে

প্রাথমিক শিক্ষা সমাপনীতে ৩১ লাখ ২৫ হাজার
এবং ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় তিন
লাখ ২০ হাজার শিক্ষার্থী রয়েছে।